দৈনিক
# একাত্তরের কথা
প্রতিদিনের প্রতিচ্ছবি

সিলেট, বুধবার ॥ ১৩ মে ২০২৬ ॥ ৩০ বৈশাখ ১৪৩৩ ॥ ২৫ জিলকদ ১৪৪৭
রেজি. নং ১৪৯ ॥ বর্ষ ০৭ ॥ সংখ্যা ২৮৭ ॥ পৃষ্ঠা ০৪ ॥ মূল্য ৫ টাকা
www.ekattorerkotha.com /ekattorerkotha /ekattorerkotha





২ | ইসরাইলি বসতি স্থাপনকারীদের বিরুদ্ধে নিষেধাজ্ঞায় ইইউ'র সম্মতি



৩ | 'ঈদুল আজহা ঘিরে দেশব্যাপী থাকবে কঠোর নিরাপত্তা'

২ | লংমার্চের হুঁশিয়ারি দিলেন নাসির উদ্দিন পাটোয়ারী




### শিশু ফাহিমার নৃশংস হত্যাকাণ্ড

# চাচাই খুনী

স্টাফ রিপোর্ট ■
কানাইঘাটের শিশু মুনতাহার স্মৃতি এখনো তাঁজা রয়েছে। ছোট্ট শিশুটির হত্যার ঘটনায় পুরো সিলেট কেঁদেছিলো। সেই ঘটনার ছয় মাস পেরোতে না পেরোতেই সিলেটে ঘটে গেল আরেকটি নির্মম হত্যাকাণ্ড। সিলেট সদর উপজেলার সোনাতলা গ্রামে সাড়ে চার বছরের নিস্পাপ শিশু ফাহিমা আক্তারকে ধর্ষণের চেষ্টার পর গলা টিপে হত্যার ঘটনায় এলাকাজুড়ে শোকের ছায়া নেমেছে। শিশুটির ছোট্ট শরীরটি ডোবার পাড়ে পড়ে থাকার দৃশ্য এখনও চোখে ভাসছে স্থানীয়দের। আর এই পাশবিক হত্যাকাণ্ডের নায়ক তারই প্রতিবেশী ও সম্পর্কে চাচা জাকির হোসেন (৩৫)। সোমবার রাতে নিজ বাড়ি থেকে জাকিরকে গ্রেপ্তার করেছে জালালাবাদ থানা পুলিশ। জাকির সোনাতলা গ্রামের মৃত তোতা মিয়ার ছেলে ও ফাহিমার বাবার চাচাতো ভাই। ঘাতক জাকিরের জবানবন্দিতে উঠে এসেছে ছোট্ট শিশু ফাহিমা হত্যার লোমহর্ষক বর্ণনা। মঙ্গলবার সকালে এক সংবাদ সম্মেলনে বিস্তারিত তুলে ধরেন সিলেট

এরপর ▶ পৃষ্ঠা ৩

## সিলেটে হামে আরও দুই শিশুর মৃত্যু

ওসমানীতে আইসোলেশন সেন্টার চালু

স্টাফ রিপোর্ট ■
সিলেট বিভাগে হামের উপসর্গ নিয়ে আরও দুই শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে বিভাগে হাম ও হামের উপসর্গে শিশু মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৮ জনে। সিলেট স্বাস্থ্য বিভাগের সহকারী পরিচালক

এরপর ▶ পৃষ্ঠা ৩

সিলেটে বাসে অগ্নিসংযোগ মামলা

## ইলিয়াস আলীসহ সকল আসামি খালাস

স্টাফ রিপোর্ট ■
সিলেট নগরীর দক্ষিণ সুরমার বদিকোনা এলাকায় হবিগঞ্জ এক্সপ্রেসের যাত্রীবাহী বাসে অগ্নিসংযোগ ও দগ্ধ হয়ে এক যাত্রীর মৃত্যুর ঘটনায় দায়ের করা মামলার সকল আসামিকে খালাস দিয়েছেন আদালত। ঘটনার প্রায় ১৪ বছর পর মঙ্গলবার মানব পাচার অপরাধ দমন

এরপর ▶ পৃষ্ঠা ৩


ভিত্তিপ্রস্তর স্থাপন

ভিত্তিপ্রস্তর স্থাপনে এমপি মালিক

## দক্ষ জনশক্তি গড়ে তুলতে কারিগরি শিক্ষার গুরুত্ব অপরিসিম

স্টাফ রিপোর্ট ■
বালাগঞ্জ উপজেলার দেওয়ান বাজার ইউনিয়নের মুক্তারপুর (রুগনপুর) এলাকায় রুকন ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ইউকে'র উদ্যোগে 'আত্ব-তাকওয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে'র ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। মঙ্গলবার বিকেলে প্রকল্পস্থলে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি

এরপর ▶ পৃষ্ঠা ৩

## সিলেটের বিভিন্ন এলাকায় ৬ ঘণ্টা বিদ্যুৎ থাকবে না আজ

স্টাফ রিপোর্ট ■
জরুরি মেরামত ও সংরক্ষণ কাজের জন্য আজ সিলেটের বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ এলাকায় টানা ৬ ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে বলে জানিয়েছে সিলেট বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। মঙ্গলবার বিকেলে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান বিদ্যুৎ

এরপর ▶ পৃষ্ঠা ৩

প্রান্তিক জনগোষ্ঠীর প্রশ্ন

## জীবিকা না অবকাঠামো?

রাজু আহমেদ ■
বালু আর পাথরের জনপদ কোম্পানীগঞ্জ গোয়াইনঘাট এবং জৈন্তাপুরবাসীর প্রধান জীবিকা হচ্ছে কৃষি, বালু-পাথর উত্তোলন। কর্মসংস্থান বলতে এটাই তাদের মুখ্য পেশা। প্রায় একযুগ হতে চলেছে পরিবেশ রক্ষার দোহাই দিয়ে দুটি পেশা বন্ধ করে দিয়েছে প্রশাসন। ফলে কৃষির উপর নির্ভর করে ঋণের বোঝা মাথায় নিয়ে দিনাতিপাত করতে হচ্ছে এই অঞ্চলের জনগোষ্ঠীকে। আন্দোলন-সংগ্রাম কোর্ট-কাচারি করেও কোনো লাভ হয়নি। পরিবেশ রক্ষার দোহাই দিয়ে

এরপর ▶ পৃষ্ঠা ৩

মতবিনিময় সভায় প্রশাসক

## নগরের উন্নয়নে কোনো ঘাটতি রাখতে চায় না সিসিক

স্টাফ রিপোর্ট ■
সিলেট সিটি কর্পোরেশনের (সিসিক) প্রশাসক আব্দুল কাইয়ুম চৌধুরী বলেছেন, নগরের উন্নয়নে কোনো ধরনের ঘাটতি রাখতে চায় না সিটি কর্পোরেশন। পুরোনো ওয়ার্ডগুলোর মতো সম্প্রসারিত ওয়ার্ডগুলোতেও সমানভাবে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তবে একটি উন্নত, পরিচ্ছন্ন ও সমৃদ্ধ নগর গড়ে তুলতে হলে নগরবাসীকেও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। কর পরিশোধে সচেতন হলেই এগোবে নগর উন্নয়ন। মঙ্গলবার বিকেলে ৩৫ নম্বর ওয়ার্ডের উন্নয়ন কার্যক্রম টেকসইকরণ বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নগরের তাওয়াক্কুল কমপ্লেক্সে এ সভা অনুষ্ঠিত হয়।

সিসিক প্রশাসক বলেন, "সিটি কর্পোরেশনের কাজ শুধু রাস্তা ও

এরপর ▶ পৃষ্ঠা ৩

ওয়েসিস হসপিটাল
যেখানে সুস্থ্যতা আসে হৃদয়ের গভীর থেকে
ডাঃ সোলাইমান আহমদ
এমবিবিএস
এমএসসি (হৃদরোগ) ইংল্যান্ড
উচ্চতর প্রশিক্ষণ, লুটন ও ডান্সটেবল হাসপাতাল, ইংল্যান্ড
হৃদরোগ মেডিসিন বিশেষজ্ঞ কনসালটেন্ট, ওয়েসিস হসপিটাল।
সিরিয়ালের জন্য: ০১৭৬৩-৯৯০০৪৪/৫৫
সোবহানীঘাট, বিশ্বরোড, সিলেট-৩১০০

২০২৭ সালের হজ্জ বুকিং চলছে
সম্মানিত হজ্জ যাত্রীদের জন্য
আমাদের সেবাসমূহ
১. কথা ও কাজের সমন্বয়।
২. মিনা ও আরাফাতে এসি তাবুর ব্যবস্থা।
৩. মক্কা ও মদিনায় ৫ মিনিট দূরত্বে হোটেল।
৪. মিনা, আরাফা, মুজদালিফা ও জামারায় ট্রেন সার্ভিস থাকবে ইনশাআল্লাহ।
৫. অভিজ্ঞ আলেম উলামা দ্বারা পরিচালিত হজ্জ কাফেলা।
৬. সম্পূর্ণ হজ্জ সফরে থাকবেন লতিফ ট্রাভেলস এর পরিচালকবৃন্দ।

আপনার হজ্জযাত্রা নিশ্চিত করতে
আজই পাসপোর্ট কপি ও ৩০,০০০ টাকা দিয়ে প্রাক নিবন্ধন করুন
হজ্জ লাইসেন্স নং-২৪৯
ওমরাহ্ লাইসেন্স নং-৩১২
লতিফ ট্রাভেলস
SINCE - 1962
উপশহর 01705 444 117
জিন্দাবাজার 01709 955 403
স্টেশন রোড 01711 006 105
বিয়ানীবাজার 01771 144 666
মৌলভীবাজার 01711 585 751
দরগা গেইট 01318 210 070
ঢাকা কর্পোরেট 01912 577 423

# ইসরাইলি বসতি স্থাপনকারীদের বিরুদ্ধে নিষেধাজ্ঞায় ইইউ'র সম্মতি

একাত্তর ডেস্ক ■

ফিলিস্তিনিদের ওপর সহিংসতার ঘটনায় ইসরাইলি বসতি স্থাপনকারীদের বিরুদ্ধে দীর্ঘদিন ঝুলে থাকা নতুন নিষেধাজ্ঞায় সম্মত হয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। হাঙ্গেরিতে সরকার পরিবর্তনের পর কয়েক মাসের এই অচলাবস্থার অবসান হয়। ইইউ'র পররাষ্ট্রনীতি বিষয়ক প্রধান কাজা কালাস এ সিদ্ধান্তের ঘোষণা দিয়ে বলেন, 'অচলাবস্থা থেকে কার্যকর পদক্ষেপে যাওয়ার এটাই ছিল উপযুক্ত সময়। চরমপন্থা ও সহিংসতার পরিণতি রয়েছে।' ব্রাসেলস থেকে বার্তা সংস্থা এএফপি এ খবর জানিয়েছে।

ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী জ্যঁ-নোয়েল ব্যারো বলেন, পশ্চিম তীরে উগ্র ও সহিংস বসতি স্থাপন কার্যক্রমে সমর্থন দেওয়া প্রধান ইসরাইলি সংগঠন ও তাদের নেতাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিচ্ছে ইইউ। সামাজিক যোগাযোগ মাধ্যমে তিনি লেখেন, 'এ ধরণের গুরুতর ও অসহনীয় কর্মকাণ্ড অবিলম্বে বন্ধ করতে হবে।'

ইসরাইল অধিকৃত পশ্চিম তীরে সহিংসতা ও বসতি সম্প্রসারণের জবাবে নেওয়া এ পদক্ষেপ এতদিন আটকে ছিল হাঙ্গেরির সাবেক প্রধানমন্ত্রী ভিক্টর অরবানের বিরোধিতার কারণে। তবে জাতীয়তাবাদী নেতা ও ইসরাইলপন্থী অরবান ক্ষমতাচ্যুত হয়ে পিটার মাগইয়ার দায়িত্ব নেওয়ার পর ভেটো প্রত্যাহারের এ পথ তৈরি হয়েছে।

ইইউ কর্মকর্তারা জানান, সাত জন বসতি স্থাপনকারী বা বসতি স্থাপনকারী সংগঠনকে কালো তালিকাভুক্ত করা হবে। একইসঙ্গে ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাসের প্রতিনিধিদের বিরুদ্ধেও নিষেধাজ্ঞা আরোপে সম্মত হয়েছে জোটটি। নতুন এ নিষেধাজ্ঞার নিন্দা জানিয়েছে ইসরাইল।

ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর দপ্তর সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে বলেছে, 'ইসরাইল ও যুক্তরাষ্ট্র যখন ইরানসহ বিভিন্ন স্থানে জিহাদি উন্মাদনার বিরুদ্ধে লড়ে ইউরোপের হয়ে কাজ করছে, তখন ইউরোপীয় ইউনিয়ন ইসরাইলি নাগরিক ও হামাসের মধ্যে মিথ্যা সমতা টেনে নিজেদের নৈতিক দেউলিয়াত্ব প্রকাশ করেছে।'

ইসরাইলের কট্টর ডানপন্থী জাতীয় নিরাপত্তা মন্ত্রী ইতামার বেন গভির ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)-কে 'ইহুদি বিদ্বেষী' আখ্যা দিয়ে বলেন, তারা আত্মরক্ষাকারীদের হাত বেঁধে দেওয়ার চেষ্টা করছে।

# লংমার্চের হুঁশিয়ারি দিলেন নাসির উদ্দিন পাটোয়ারী

একাত্তর ডেস্ক ■

সীমান্ত হত্যা বন্ধে সরকার কার্যকর উদ্যোগ নিতে ব্যর্থ হলে সীমান্তবর্তী জেলাগুলোতে লংমার্চ কর্মসূচি দেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) নেতা নাসির উদ্দিন পাটোয়ারী।

মঙ্গলবার দুপুরের দিকে ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ-এর গুলিতে নিহত কলেজছাত্র মোরসালিনের কবর জিয়ারত শেষে তিনি এ হুঁশিয়ারি দেন।

পাটোয়ারী বলেন, সীমান্ত হত্যা যদি আরও বাড়ে এবং সরকার যদি কোনো উদ্যোগ নিতে না পারে, তাহলে আমরা সীমান্তের দিকে লংমার্চ দেব ইনশাআল্লাহ। বাংলাদেশের মানুষকে সঙ্গে নিয়ে সীমান্তে যাব। দেখি কে আমাদের ঠেকায়। এর আগে সরকারকে কার্যকর উদ্যোগ নিতে হবে। তিনি বলেন, এনসিপি সরকার গঠন করতে পারলে সীমান্তবর্তী এলাকায় খাল খননের উদ্যোগ নেওয়া হবে, যাতে মাদক পাচার রোধ করা যায়। তিনি অভিযোগ করেন, ভারত সীমান্তঘেঁষা এলাকায় মাদক উৎপাদন ও পাচার বাড়ছে, যার প্রভাব বাংলাদেশের যুবসমাজের ওপর পড়ছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সমালোচনা করে নাসির উদ্দিন পাটোয়ারী বলেন, বাংলাদেশে এত ইয়াবা, ফেনসিডিল ও গাঁজা আসে কীভাবে? এই প্রশ্নের জবাব স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে দিতে হবে। তিনি আরও বলেন, সীমান্ত হত্যা বন্ধ করতে না পারলে স্বরাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী চুড়ি পরে বসে থাকতে হবে।

## বিমানবন্দরে হয়রানি

(শেষ পৃষ্ঠার পর)

আর এলাকার মানুষ ভোট দিয়েছেন বলেই আমি নির্বাচিত হয়েছি। তিনি সাবেক প্রধানমন্ত্রী ও দলের চেয়ারপারসন মরহুম বেগম খালেদা জিয়া এবং দলের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ফাউন্ডেশনের সভাপতি মাওলানা রশীদ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, সাপ্তাহিক বাংলা পত্রিকার সম্পাদক ও টাইম টিভির সিইও আবু তাহের, বিশিষ্ট চিকিৎসক ডা. জুন্নুন চৌধুরী, ফাউন্ডেশনের উপদেষ্টা আব্দুল গফফার চৌধুরী খসরু ও মাওলানা যাকারিয়া মাহমুদ।

পবিত্র কোরআন তেলাওয়াত ও দোয়ার মধ্য দিয়ে শুরু হওয়া অনুষ্ঠান পরিচালনা করেন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক জামীল আনসারী। স্বাগত বক্তব্য দেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মুহাম্মদ বুরহান উদ্দিন।

অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে মন্ত্রী বলেন, সিলেট-৪ আসনের গোয়াইনঘাট, জৈন্তাপুর ও কোম্পানীগঞ্জ দীর্ঘদিন অবহেলিত ছিল। তবে পর্যটন সম্ভাবনাময় এ অঞ্চলের উন্নয়নে ধাপে ধাপে উদ্যোগ নেওয়া হবে। তিনি জানান, নির্বাচনের সময় অনেক এলাকায় রাস্তা-ঘাটের অভাবে যেতে পারেননি, তবে এলাকার সমস্যা সম্পর্কে তিনি অবগত রয়েছেন।

সিলেট বিভাগের উন্নয়ন প্রসঙ্গে তিনি বলেন, সিলেটের ১৯ জন এমপি একসঙ্গে বসে উন্নয়ন পরিকল্পনা নিয়ে আলোচনা করছি। প্রধানমন্ত্রী সিলেটসহ সারা দেশের উন্নয়নে যে নির্দেশনা দিয়েছেন, আগামী এক বছরের মধ্যে তার দৃশ্যমান অগ্রগতি দেখা যাবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

বিদেশে কর্মী প্রেরণ বিষয়ে মন্ত্রী বলেন, দীর্ঘদিন ধরে অতিরিক্ত অর্থ আদায়ের সঙ্গে জড়িত সিন্ডিকেট সক্রিয় ছিল। সরকার ইতোমধ্যে সেই সিন্ডিকেট চিহ্নিত করেছে এবং দুজনকে গ্রেফতার করা হয়েছে। তিনি জানান, এখন থেকে শুধু টিকিটের খরচে কর্মীদের বিদেশ পাঠানোর নির্দেশনা দেওয়া হয়েছে। পাশাপাশি বিদেশগামী কর্মীদের প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ করেন তিনি।

আরিফুল হক চৌধুরী বলেন, সিলেট সিটি করপোরেশনের মেয়র হিসেবে যেভাবে নগরবাসীর প্রত্যাশা পূরণ করেছেন, একইভাবে সিলেট-৪ আসনের মানুষের প্রত্যাশা পূরণে কাজ করবেন। তবে স্থানীয় ছোটখাটো সমস্যা স্থানীয় জনপ্রতিনিধি ও পঞ্চায়েতের মাধ্যমে সমাধানের আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, অতিরিক্ত খরচে বিদেশ গিয়ে অনেক প্রবাসী কাজ না পেয়ে বিপদে পড়ছেন। এ সমস্যা সমাধানে দক্ষতা ও প্রশিক্ষণভিত্তিক জনশক্তি গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। জাপানে কম খরচে কর্মী পাঠাতে ভাষা প্রশিক্ষণের বিষয়েও আলোচনা চলছে।

মন্ত্রী জানান, সিলেট থেকে জাফলং পর্যন্ত রেললাইন নির্মাণের পরিকল্পনা রয়েছে। পাশাপাশি ঢাকা-সিলেট মহাসড়ক চার লেনে উন্নীতকরণ এবং পর্যটন খাতের উন্নয়নে সরকার বৃহৎ পরিকল্পনা হাতে নিয়েছে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নিউইয়র্ক সিটি বিএনপি (উত্তর)-এর সভাপতি আহবাব চৌধুরী খোকন, সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরী, এম এ বাতিন, সাইফুর খান হারুন, ফারুক হোসেন মজুমদার, সৈয়দ ইলিয়াস খছরু, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, যোসেফ চৌধুরী, শামীম আহমদ মনির, মাওলানা আবুল কালামসহ বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ। অনুষ্ঠানে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি অংশ নেন।

## শিক্ষায় সিলেটের

(শেষ পৃষ্ঠার পর)

সিসিক প্রশাসক ও কলেজের গভর্নিং বডির সভাপতি আব্দুল কাইয়ুম চৌধুরী বলেন, অতীতে দীর্ঘ সময় সিলেটের একজন ব্যক্তি দেশের শিক্ষামন্ত্রীর দায়িত্ব পালন করলেও এ অঞ্চলের শিক্ষা ব্যবস্থার কাঙ্ক্ষিত উন্নয়ন হয়নি। বরং গত ১৭ বছরে গণহারে পাসের সংস্কৃতি চালু করে শিক্ষা ব্যবস্থার মান ক্ষতিগ্রস্ত করা হয়েছে। এখন সময় এসেছে শিক্ষার গুণগত মান উন্নয়নের মাধ্যমে নতুন প্রজন্মকে দক্ষ ও যোগ্য হিসেবে গড়ে তোলার।

নারীশিক্ষার প্রসঙ্গ তুলে তিনি বলেন, বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান নারীদের ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তিনি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নারীদের জন্য নিয়োগের সুযোগ সৃষ্টি করেছিলেন। ফলে দেশের বিপুল সংখ্যক নারী কর্মসংস্থানের সুযোগ পেয়েছেন। পরবর্তীতে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্নাতক পর্যন্ত মেয়েদের শিক্ষায় অবৈতনিক ঘোষণা করে নারীশিক্ষার প্রসারে যুগান্তকারী ভূমিকা রাখেন। বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানও নারীশিক্ষার উন্নয়নে আন্তরিক এবং নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসেবে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছেন।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, শুধু পরীক্ষায় ভালো ফল করলেই হবে না, নিজেদের নৈতিকতা, দেশপ্রেম ও মানবিক মূল্যবোধেও সমৃদ্ধ হতে হবে। আগামী দিনের নেতৃত্ব তোমাদের হাতেই। তাই তোমাদের সুশিক্ষিত ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে।

কলেজের অধ্যক্ষ নিজাম উদ্দিন তরফদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন সিলেট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মোহাম্মদ সিরাজুল ইসলাম, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর সিলেটের পরিচালক প্রফেসর ড. দিদার চৌধুরী, সিলেট মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের স্কুল পরিদর্শক আবু মুসা মো. তারেক, কলেজের প্রতিষ্ঠাতা মিফতাহুল হোসেন সুইট, সহকারী অধ্যাপক ফরিদ আহমদ, লাউয়াই মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা রহমত আহমদ, গভর্নিং বডির সদস্য রাসেল মাহবুব, ডা. এনামুল হক, শিক্ষক প্রতিনিধি অধ্যাপক আবুল বায়েছ, মো. নুরুল ইসলাম এবং রুমানা সুলতানা।

## জুড়ীতে শিক্ষার্থী

(শেষ পৃষ্ঠার পর)

ঘটনাটি ঘটে গত শনিবার উপজেলার পূর্বজুড়ী ইউনিয়নের বড়ধামাই সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। অভিযোগ রয়েছে, প্রথম সাময়িক পরীক্ষার বাংলা বিষয়ের পরীক্ষা চলাকালে পঞ্চম শ্রেণির শিক্ষার্থী তাওহীদা জান্নাত একটি প্রশ্নের উত্তর ভুল লিখলে সহকারী শিক্ষক আবু সাহিদ মো. আব্দুল্লাহ তাকে বকাঝকা করেন এবং শারীরিকভাবে আঘাত করেন। পরে সে অসুস্থ হয়ে পড়লে রাতে জুড়ী সরকারি হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়।

তাওহীদা জান্নাত বড়ধামাই এলাকার হাসান খান ও দিলারা বেগম দম্পতির তিন মেয়ের মধ্যে সর্বকনিষ্ঠ। ভিডিও বার্তায় সে অভিযোগ করে, পরীক্ষার শেষ সময়ে ভুল লেখার কারণে শিক্ষক তাকে বলেন, 'তোর দিয়ে আর লেখাপড়া হবে না।' পরে তাকে মারধর করা হয় বলেও দাবি করা হয়। এতে তার শ্বাসকষ্ট দেখা দেয় এবং নাক দিয়ে রক্ত পড়ে বলে ভিডিওতে উল্লেখ করা হয়।

তবে ভিডিওটি ভাইরাল হওয়ার পর বিভিন্ন মহলে ভিন্ন প্রতিক্রিয়া দেখা দেয়। স্থানীয় বাসিন্দা ও ফুলতলা সাগরনাল ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক সাইফ উদ্দিন তার ফেসবুক পোস্টে লেখেন, 'বাংলাদেশে কোনো বিচারক দরকার নেই, অফিসার দরকার নেই, চেয়ারম্যান-মেম্বার দরকার নেই, সব সমস্যার সমাধান সাংবাদিক।' তিনি অভিযোগ করেন, ছোট ঘটনাকে বড় করে উপস্থাপন করে ব্যক্তি ও এলাকার সম্মান ক্ষুণ্ন করা হচ্ছে।

বিশিষ্ট ক্রীড়া সংগঠক খালেদ হোসেন অভি সামাজিক যোগাযোগ মাধ্যমে লেখেন, ভাইরাল ভিডিও ঘটনার সমাধান হয়েছে। এ বিষয়ে আর কোনো কথা না বলাই ভালো। ফেসবুকে ঘটনাটি বাস্তবের চেয়ে বেশি উপস্থাপন করা হয়েছিল।

সোমবার সকালে স্থানীয় চেয়ারম্যান রুয়েল উদ্দিনের নেতৃত্বে উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা অরবিন্দু কর্মকার এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুল কুদ্দুছের উপস্থিতিতে বিষয়টি সামাজিকভাবে মীমাংসা করা হয়।

শিক্ষার্থীর পিতা হাসান খান বলেন, আমার মেয়ে কয়েকদিন ধরে জ্বর-কাশিতে দুর্বল ছিল। পরীক্ষার খাতায় লিখতে না পারায় শিক্ষক একটু ধমক দিলে সে ভয় পেয়ে যায়। বিষয়টি নিয়ে ভুল বোঝাবুঝি হয়েছিল। চেয়ারম্যান সাহেব মীমাংসা করে দিয়েছেন। এখন আমাদের কোনো অভিযোগ নেই।

অভিযুক্ত সহকারী শিক্ষক আবু সাহিদ মো. আব্দুল্লাহ অভিযোগ অস্বীকার করে বলেন, ভিডিওতে যে অভিযোগ আনা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা। এমন কোনো ঘটনা ঘটেনি।

ঘটনার সময় উপস্থিত থাকা সহকারী শিক্ষক আমিনা বেগম বলেন, এ ধরনের কোনো ঘটনা আমার চোখে পড়েনি।

## বড়লেখায় এক

(শেষ পৃষ্ঠার পর)

চালিয়ে তার কাছ থেকে এক কেজি গাঁজা উদ্ধার করা হয়। পরে তাকে আটক করে থানায় নেওয়া হয়।

বড়লেখা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান খান মঙ্গলবার দুপুরে আটকের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, গ্রেপ্তার ব্যক্তির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। মঙ্গলবার তাকে আদালতে সোপর্দ করা হয়।

## কুলাউড়ার ৪

(শেষ পৃষ্ঠার পর)

কোয়ারিগুলো বন্ধ থাকায় রাতের আঁধারে বালু পাচার বেড়েছে।

মঙ্গলবার কুলাউড়া উপজেলা পরিষদ মিলনায়তনে 'সিলিকা বালুর কোয়ারির পরিবেশগত ও সামাজিক প্রভাব মূল্যায়ন' শীর্ষক মতবিনিময় সভায় এসব তথ্য তুলে ধরা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সানজিদা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য দেন সহকারী কমিশনার (ভূমি) মো. আনিসুল ইসলাম, বাংলাদেশ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর (বিএমডি) সহকারী পরিচালক (ভূ-পদার্থ) মো. মাসুক-উন-নবী, কনসালটেন্ট মিজানুর রহমান, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা আবু মাসুদ, কুলাউড়া প্রেসক্লাব সভাপতি আজিজুল ইসলাম, বরমচাল ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান খোরশেদ আলম সুইট, হাজিপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নুর আহমদ, ভাটেরা ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সাইদুল ইসলাম পাখি, ব্রাহ্মণবাজার ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আব্দুস সালাম ও নাজমুল বারী সোহেলসহ বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা।

সভায় প্রকল্পের কনসালটেন্ট ফাহিম উদ্দিন একটি তথ্যচিত্র উপস্থাপন করেন।

মতবিনিময় সভায় জানানো হয়, মৌলভীবাজার জেলায় মোট ৫২টি সিলিকা বালুর কোয়ারি রয়েছে। এর মধ্যে কুলাউড়া উপজেলার হাজিপুর ইউনিয়নের দেওছড়া, বোবাছড়া, ঘাগড়াছড়া ও বড়ছড়া কোয়ারি উল্লেখযোগ্য। বর্তমানে এসব কোয়ারির মধ্যে দুটি নিয়ে মামলা চলমান রয়েছে।

বক্তারা বলেন, কোয়ারিগুলো বন্ধ থাকায় অবৈধভাবে বালু উত্তোলন ও পাচার বেড়েছে। এতে একদিকে সরকার বিপুল রাজস্ব হারাচ্ছে, অন্যদিকে পরিবেশও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

সভায় উপস্থিত স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকাবাসী সরকারি নীতিমালা অনুসরণ এবং পরিবেশগত প্রভাব বিবেচনায় নিয়ে কোয়ারিগুলো নিয়মিত ইজারার আওতায় আনার পক্ষে মত দেন। তাঁদের মতে, সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে রাজস্ব আয় যেমন বাড়বে, তেমনি অবৈধ উত্তোলনও নিয়ন্ত্রণ করা সম্ভব হবে।

## ওসমানীনগরে

(শেষ পৃষ্ঠার পর)

সাধারণ মানুষের মধ্যে। স্থানীয় ও প্রত্যক্ষদর্শীসূত্রে জানা গেছে, মঙ্গলবার সকাল পৌনে ১০টার দিকে উপজেলার খাশিকাপন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা সীমা রাণী দেবী স্কুলে যাওয়ার পথে ছিনতাইয়ের শিকার হন। খাশিকাপন গ্রামের ভেতরে কবরস্থান ও মাজারসংলগ্ন এলাকায় পৌঁছালে মুখোশ পরা তিন যুবক তার গতিরোধ করে। পরে ধারালো অস্ত্রের মুখে জিম্মি করে তার কানের একজোড়া স্বর্ণের দুল ও একটি স্বর্ণের আংটি ছিনিয়ে নেয়।

এর আগে প্রায় এক সপ্তাহ আগে একই বিদ্যালয়ের আরেক সহকারী শিক্ষিকা তাজপুর-সুরতপুর সড়কে তিন ছিনতাইকারীর কবলে পড়েন। তবে পেছন দিক থেকে একটি যাত্রী-বাহী টমটম চলে আসায় সেদিন ছিনতাইকারীরা পালিয়ে যায়।

এদিকে সোমবার বিকেল সোয়া ৪টার দিকে স্কুল ছুটির পর বাড়ি ফেরার পথে ব্রাহ্মণশাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা সাকেরা পারভীন উপজেলার ১০ মাইল এলাকায় ছিনতাইয়ের শিকার হন। অভিযোগ রয়েছে, মোটরসাইকেলে আসা তিন অস্ত্রধারী তার গলায় ধারালো অস্ত্র ধরে কানের দুল ও মোবাইল ফোন ছিনিয়ে নেয়। পরে দুলগুলো ইমিটেশনের বুঝতে পেরে ফেলে রেখে দ্রুত মোটরসাইকেলে পালিয়ে যায় তারা।

গত ৭ এপ্রিল সকালে ইলাশপুর এলাকায় ওসমানীনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুরশেদুল আলম ভূঁইয়ার বাসভবন 'আর কে টাওয়ার'র সামনেও ছিনতাইয়ের ঘটনা ঘটে। গৃহবধূ মিতা দেব সন্তানকে স্কুলে পৌঁছে বাড়ি ফেরার পথে মোটরসাইকেলে আসা তিন ছিনতাইকারী তার গলায় অস্ত্র ঠেকিয়ে স্বর্ণের চেইন ও কানের দুল ছিনিয়ে নেয়। থানার কাছাকাছি এবং ওসির বাসার সামনে এমন ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়।

শুধু ছিনতাই নয়, সম্প্রতি ওসমানীনগরের বিভিন্ন এলাকায় মোটরসাইকেল চুরি, গরু চুরি ও সংঘবদ্ধ চুরির ঘটনাও বেড়েছে। গত ২৯ এপ্রিল সন্ধ্যায় গোয়ালাবাজারের সাব-পোস্ট অফিসে ঢুকে কর্মচারীদের অস্ত্রের মুখে জিম্মি করে টাকা ছিনিয়ে নেওয়ার ঘটনাও ঘটে।

স্থানীয়দের অভিযোগ, দিনের বেলায় জনবহুল এলাকায় একের পর এক অপরাধ সংঘটিত হলেও অপরাধীদের গ্রেপ্তারে পুলিশের দৃশ্যমান তৎপরতা খুব একটা দেখা যাচ্ছে না। এতে সাধারণ মানুষের মধ্যে চরম নিরাপত্তাহীনতা তৈরি হয়েছে।

এদিকে গোয়ালাবাজারের দাশপাড়া গ্রামে দীর্ঘদিন ধরে প্রকাশ্যে মাদকের আসর বসার অভিযোগও উঠেছে। এলাকাবাসী সম্প্রতি এ নিয়ে আন্দোলনে নামলে পুলিশ সেখানে বিট পুলিশিং সভা করেছে।

ছিনতাইয়ের শিকার শিক্ষিকা সীমা রাণী দেবী বলেন, স্কুলে যাওয়ার পথে মাজারের পাশে তিনজন আমার পথরোধ করে। পরে গলায় অস্ত্র ধরে কানের দুল ও আংটি নিয়ে যায়। খবর পেয়ে পুলিশ স্কুলে এসেছিল।

শিক্ষিকা সাকেরা পারভীনের স্বামী আব্দুল মতিন জায়গীরদার বলেন, দিনদুপুরে বাড়ির পাশে আমার স্ত্রীকে দা ঠেকিয়ে ছিনতাই করা হয়েছে। প্রশাসনের কঠোর পদক্ষেপ এখন জরুরি।

ওসমানীনগর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মনছুরা আক্তার বলেন, ছিনতাইকারীদের আইনের আওতায় আনতে পুলিশ সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে।

## সিসিক প্রশাসককে

(শেষ পৃষ্ঠার পর)

জানান। এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ পূজা উদযাপন ফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সহ-সাধারণ সম্পাদক অনুপ দে, জেলা শাখার আহ্বায়ক খোকন রঞ্জন দে, মহানগর শাখার আহ্বায়ক অর্জুন ঘোষ, জেলা শাখার সদস্য সচিব অ্যাডভোকেট পলাশ চন্দ্র ধর, মহানগর শাখার সদস্য সচিব উজ্জ্বল রঞ্জন চন্দ, যুগ্ম আহ্বায়ক বিশ্বজিৎ দেব, শংকর দাস ও সুব্রত দে সুমিতসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

সৌজন্য সাক্ষাৎকালে সিলেটের সাম্প্রদায়িক সম্প্রীতি, ধর্মীয় উৎসব নির্বিঘ্নে উদযাপন এবং সামাজিক সম্প্রীতি রক্ষায় পারস্পরিক সহযোগিতার বিষয়েও আলোচনা হয় বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

## মাদক ও ছিনতাই

(শেষ পৃষ্ঠার পর)

ছিনতাই প্রতিরোধে আইনশৃঙ্খলা বাহিনীকে আরও কঠোর অবস্থান নেওয়ার আহ্বান জানানো হয়।

রোববার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও আইনশৃঙ্খলা কমিটির সদস্য মো. জাহিদ বিন কাশেম।

সভায় বক্তব্য দেন মাধবপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সোহেল রানা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. ইমরুল হাসান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হামিদুর রহমান, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আলাউদ্দিন আল রনি, চেয়ারম্যান মাহবুবুর রহমান সোহাগ, চেয়ারম্যান মীর খুরশেদ আলম, চেয়ারম্যান সৈয়দ আতাউল মোস্তফা সোহেল, ভারপ্রাপ্ত চেয়ারম্যান মিজানুর রহমান, সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল আজিজ, সাবেক চেয়ারম্যান সামসুল ইসলাম মামুন, অধ্যাপক মঈনউদ্দিন, ইশরাত জাহান ডলি, ইমাম মির্জা হাসান ও স্বপন রায়সহ কমিটির সদস্যরা।

সভায় সম্প্রতি প্রাকৃতিক দুর্যোগে সৃষ্ট জলাবদ্ধতা দ্রুত নিরসনে কার্যকর উদ্যোগ নেওয়ায় সংসদ সদস্য এস এম ফয়সল ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. জাহিদ বিন কাশেমকে ধন্যবাদ জানানো হয়। পাশাপাশি হবিগঞ্জ জেলার শ্রেষ্ঠ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নির্বাচিত হওয়ায় মাধবপুর থানার ওসি মো. সোহেল রানাকেও অভিনন্দন জানানো হয়।

এসময় উপজেলা ধর্মঘর, বাঘাসুরা, বহরা, বুল্লা ও জগদীশপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা ৫ আগস্ট ২০২৫ সাল থেকে আইনশৃঙ্খলা কমিটির সভায় অনুপস্থিত থাকায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি ওঠে।

সভায় বক্তারা বলেন, এলাকায় মাদক, চুরি ও ছিনতাইয়ের ঘটনা উদ্বেগজনকভাবে বাড়ছে। এসব অপরাধ নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা বাহিনীকে আরও তৎপর ও কঠোর হতে হবে।

# ‘ঈদুল আজহা ঘিরে দেশব্যাপী থাকবে কঠোর নিরাপত্তা’

**একাত্তর ডেস্ক ■**
আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে দেশব্যাপী কঠোর নিরাপত্তা নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মন্ত্রী মঙ্গলবার দুপুরে বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে ‘আসন্ন ঈদ-উল-আজহা ২০২৬ এর প্রাক্কালে দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, কোরবানির পশুর হাটের নিরাপত্তা প্রদানসহ এক সভা শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে এ কথা বলেন।
স্বরাষ্ট্রমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ধর্ম বিষয়ক মন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন (কায়কোবাদ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরীসহ সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবগণ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রধানগণ উপস্থিত ছিলেন।
স্বরাষ্ট্রমন্ত্রী জানান, ঈদুল আজহার প্রাক্কালে এবং পরবর্তী সময়ে জননিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ হেডকোয়ার্টার্সে একটি বিশেষ মনিটরিং সেল গঠন করা হয়েছে। এই সেল ঈদের আগের ৭ দিন এবং পরের ৭ দিন সার্বক্ষণিক কার্যকর থাকবে। এছাড়া র‍্যাব, পুলিশ, আনসার, বিজিবি ও কোস্টগার্ডসহ সকল গোয়েন্দা সংস্থাকে সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দেওয়া হয়েছে। জরুরি প্রয়োজনে জনসাধারণের জন্য পুলিশ, ফায়ার সার্ভিস (১০২) ও বিআইডব্লিউটিএ (১৬১১৩) সহ সংশ্লিষ্ট দপ্তরগুলোর হটলাইন নম্বরগুলো চালু থাকবে।
স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এবার সারাদেশে ৪ হাজার ২৫৯টি পশুর হাট ইজারা দেওয়া হয়েছে। এর মধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ১৫টি এবং দক্ষিণ সিটি কর্পোরেশনে ১১টি হাট থাকবে। হাটগুলোতে পর্যাপ্ত আলোকসজ্জা ও সিসিটিভি ক্যামেরা স্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে। জালনোট শনাক্তে প্রতিটি হাটে ব্যাংকগুলোর বুথ ও মেশিন থাকবে। এছাড়া ইজারাদারদের চাহিদানুযায়ী নিরাপত্তা নিশ্চিত করতে ‘অঙ্গীভূত আনসার’ নিয়োজিত করা হবে।
সড়ক ও নৌপথে পশুবাহী যানবাহনে যেকোনো ধরনের চাঁদাবাজি কঠোরহাতে দমনের হুঁশিয়ারি দিয়েছেন মন্ত্রী। তিনি বলেন, ‘চাঁদাবাজি রোধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বডি-ওর্ন ক্যামেরা ব্যবহার করবে এবং সিভিল ড্রেসে গোয়েন্দা নজরদারি থাকবে।’
চামড়া পাচার রোধে বিজিবিকে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে। তিনি আরো জানান, চামড়ার গুণগত মান রক্ষায় কোরবানি পরবর্তী দুই ঘন্টার মধ্যে লবণ দিয়ে সংরক্ষণের জন্য দেশব্যাপী প্রচারণা চালানো হবে। এ লক্ষ্যে প্রধানমন্ত্রী ২০ কোটি টাকা ব্যয়ে বিনামূল্যে লবণ সরবরাহের অনুমোদন দিয়েছেন।
স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেন, ঈদের ছুটির আগেই গার্মেন্টস শ্রমিকদের বেতন ও বোনাস পরিশোধ নিশ্চিত করতে বিজিএমইএ, বিকেএমইএ এবং বাংলাদেশ ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। সড়ক ও নৌপথে দুর্ঘটনা রোধে ফিটনেসবিহীন যানবাহন চলাচল বন্ধ এবং মহাসড়কের গর্তগুলো দ্রুত সংস্কারের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে বলা হয়েছে। ফেরি ও লঞ্চে যাত্রী ও পশু পরিবহনে হেনস্তা বন্ধে বিশেষ ব্যবস্থা নেওয়া হবে।
স্বরাষ্ট্রমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন, সরকারের গৃহীত এসব পদক্ষেপের ফলে দেশবাসী অত্যন্ত শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে পবিত্র ঈদুল আজহা উদযাপন করতে পারবেন। এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, ‘বাংলাদেশ সার্বভৌম সমতার ভিত্তিতে বন্ধুপ্রতিম দেশগুলোর সাথে সম্পর্ক বজায় রাখে। সীমান্ত দিয়ে কোনো প্রকার অবৈধ অনুপ্রবেশ বা ‘পুশ-ইন’ রোধে বিজিবি সর্বদা জাগ্রত রয়েছে।’

## চাচাই খুনী

(প্রথম পৃষ্ঠার পর)
মেট্রোপলিটন পুলিশের উপ-কমিশনার (উত্তর) মোহাম্মদ সাইফুল ইসলাম।
প্রত্যক্ষদর্শী ও পুলিশসূত্র জানায়, গত ৬ মে সকালে সোনাতলা গ্রামের দিনমজুর রাইসুল হকের মেয়ে ফাহিমা আক্তার বিস্কুট কেনার জন্য ঘর থেকে বের হয়। সে বিস্কুট নিয়ে বাড়ি ফেরার পথে একই বাড়ির পার্শ্ববর্তী ঘরের বাসিন্দা ও ফাহিমার সম্পর্কে চাচা জাকির হোসেন তাকে ডেকে নিয়ে ১০ টাকা দিয়ে দোকানে সিগারেট আনতে পাঠায়। এসময় জাকিরের ঘরে তার স্ত্রী বা অন্য কেউ ছিলো না। জাকির তখন ইয়াবার নেশায় আসক্ত ছিলো। ফাহিমা সিগারেট আনার পর তাকে ডেকে নিয়ে নিজের ঘরে ধর্ষণের চেষ্টা করে পাষণ্ড জাকির। এ সময় শিশুটি অজ্ঞান হয়ে পড়লে তাকে গলা টিপে হত্যা করে মরদেহ স্ত্রীর ওড়না দিয়ে পেঁচিয়ে একটি স্যুটকেসে লুকিয়ে রাখে সে। পরে স্যুটকেস থেকে খাটের নিচে লাশ লুকিয়ে রাখে। পরদিন দুর্গন্ধ বের হলে একটি কম্বলে পেঁচিয়ে বাড়ির পার্শ্ববর্তী ডোবায় ফেলে দেয় ফাহিমার লাশ। এলাকায় খোঁজাখুঁজি চলাকালীন জাকির নিজেও শিশুটিকে খুঁজতে অংশ নেন এবং পুলিশের সামনে সাধারণ মানুষের সঙ্গে মিশে যান। ঘটনার তিন দিন পর গত শুক্রবার বাড়ির পাশের ডোবা থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় এলাকায় নেমে আসে শোকের ছায়া। ফাহিমার বাবা বাদি হয়ে জালালাবাদ থানায় অজ্ঞাতনামা আসামি করে একটি মামলা দায়ের করেন। পুলিশ যখন ঘাতককে খুঁজছিলো তখনও নির্বিকার জাকির ছিলো পুলিশের আশেপাশেই। ফাহিমা হত্যাকান্ডের প্রতিবাদে আয়োজিত মানববন্ধনে সে অংশগ্রহণও করে। ফাহিমা হত্যাকান্ডে স্থানীয়দের নজর প্রথমেই যায় জাকিরসহ ওই বাড়ির দুই মাদকসেবীর দিকে। পুলিশের তদন্তেও উঠে আসে জাকিরের নাম। তাকে কড়া নজরদারিতে রাখা হয়। তিন দিন পর সোমবার রাতে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর জাকিরের স্বীকারোক্তি অনুযায়ী মামলার আলামত হিসেবে টেকেরবাড়ি এলাকার একটি খাল হতে ফাহিমার লাশ গুমের চেষ্টায় ব্যবহৃত একটি শাল (চাদর) এবং বাড়ি থেকে একটি কালো স্যুটকেস ও খাটের নিচ থেকে রক্তমাখা বালি উদ্ধার করা হয়েছে। খবর পেয়ে উত্তেজিত এলাকাবাসী জালালাবাদ থানা ঘেরাও এবং জাকিরের বাড়ি ভাঙচুর করে। এলাকাবাসী দ্রুত সময়ের মধ্যে ফাহিমা হত্যার বিচার ও ঘাতক জাকিরের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। মঙ্গলবার দুপুরে জাকিরকে আদালতে সোপর্দ করা হয়।
জালালাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শামসুল হাবিব জানান, এই হৃদয়বিদারক ঘটনা সিলেটসহ পুরো দেশবাসীর বিবেককে নাড়া দিয়েছে। ইতিমধ্যে ঘাতক জাকিরকে আদালতে পাঠানো হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে খুনের কথা শিকার করেছে। আমরা ময়নাতদন্ত প্রতিবেদনের অপেক্ষায় আছি। তদন্ত অব্যাহত রয়েছে।

## ইলিয়াস আলীসহ

(প্রথম পৃষ্ঠার পর)
ট্রাইব্যুনাল সিলেটের (জেলা ও দায়রা জজ) বিচারক মো. শরিফুল ইসলাম এ রায় ঘোষণা করেন। রায়ে মামলার ৩৮ জন আসামির সবাইকে খালাস দেওয়া হয়। অগ্নিদগ্ধ হয়ে নিহত কাজী নাসির (৭০) চিত্রনায়িকা শাবনূরের বাবা বলে সে সময় প্রচার হয়। জ্যোৎস্না আক্তার নামের এক নারী নিজেকে কাজী নাসিরের দ্বিতীয় স্ত্রী দাবি করে এ তথ্য জানান।
মামলার আসামিদের মধ্যে ছিলেন বিএনপির তৎকালীন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এম. ইলিয়াস আলী, সহ-স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক সামসুজ্জামান জামান, বিএনপি নেতা এটিএম ফয়েজ, মহানগর বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আজমল বখত সাদেক, সিলেট জেলা যুবদলের বর্তমান সাধারণ সম্পাদক মকসুদ আহমদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক শাকিল মোর্শেদ, নিখোঁজ ছাত্রদল নেতা ইফতেখার আহমদ দিনার, দক্ষিণ সুরমা উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক কোহিনুর আহমদ ও বিএনপি নেতা ফখরুল ইসলাম ফারুকসহ আরও অনেকে।
আসামিপক্ষের আইনজীবী হিসেবে আদালতে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট হাসান রিপন পাটোয়ারী, অ্যাডভোকেট মসরুর চৌধুরী শওকত ও অ্যাডভোকেট সাঈদ আহমদ।
মামলাসূত্রে জানা যায়, ২০১১ সালের ১৮ ডিসেম্বর সকাল সাড়ে ১১টার দিকে তৎকালীন সরকারবিরোধী আন্দোলন চলাকালে সিলেট-ঢাকা মহাসড়কের দক্ষিণ সুরমার বদিকোনা এলাকায় হবিগঞ্জ এক্সপ্রেসের একটি যাত্রীবাহী বাসে আগুন দেওয়া হয়। এতে বাসের এক বৃদ্ধ যাত্রী দগ্ধ হয়ে মারা যান। পরিচয় শনাক্ত করা সম্ভব না হওয়ায় তাকে বেওয়ারিশ হিসেবে দাফন করা হয়। এ ঘটনায় দক্ষিণ সুরমা থানায় হত্যা ও নাশকতার অভিযোগে দুটি মামলা দায়ের করা হয়।
দাফনের ১৩ দিন পর, ২০১২ সালের ১ জানুয়ারি জ্যোৎস্না আক্তার নামের এক নারী এসে নিহত ব্যক্তিকে নিজের স্বামী দাবি করেন। তিনি জানান, নিহতের নাম কাজী নাসির এবং তিনি চিত্রনায়িকা শাবনূরের বাবা। একই সঙ্গে নিজেকে কাজী নাসিরের দ্বিতীয় স্ত্রী বলেও দাবি করেন তিনি।
জ্যোৎস্না পুলিশকে জানান, কাজী নাসির তিনটি বিয়ে করেছিলেন। তার প্রথম স্ত্রী ছিলেন শাবনূরের মা এবং সর্বশেষ মৌলভীবাজারে স্বপ্না বেগম নামে এক নারীকে তিনি বিয়ে করেন।
তার ভাষ্য অনুযায়ী, ২০১১ সালের ১৪ ডিসেম্বর কাজী নাসির মৌলভীবাজার ও সিলেটে একটি গানের অনুষ্ঠানে অংশ নিতে বাড়ি থেকে বের হন এবং ১৮ ডিসেম্বর তিনি সিলেটে আসছিলেন।

## দক্ষ জনশক্তি গড়ে

(প্রথম পৃষ্ঠার পর)
হিসেবে উপস্থিত ছিলেন সিলেট-৩ আসনের সংসদ সদস্য মোহাম্মদ আব্দুল মালিক।
তিনি তার বক্তব্যে বলেন, দক্ষ জনশক্তি গড়ে তুলতে কারিগরি শিক্ষার গুরুত্ব অপরিসিম। তিনি রুকন ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ইউকে'র চেয়ারম্যান ও যুক্তরাজ্য প্রবাসী সমাজসেবী আলী আহমদ নেছাওরসহ প্রকল্প সংশ্লিষ্টদের মানবিক ও জনকল্যাণমূলক উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। পাশাপাশি ব্যক্তিগতভাবে এবং সরকারের পক্ষ থেকে সম্ভাব্য সব ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রজেক্টের সহ সভাপতি ছানাওর আহমদ সিতাব। অনুষ্ঠান পরিচালনা করেন বালাগঞ্জ প্রেসক্লাবের সভাপতি সাংবাদিক মো. জিল্লুর রহমান জিলু এবং প্রজেক্টের প্রচার সম্পাদক সাংবাদিক শাহ মো. হেলাল।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তৃতা করেন দেওয়ান বাজার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল আলম, আত্-তাকওয়া প্রজেক্টের অন্যতম ফাউন্ডার ও সহ সাধারণ সম্পাদক ছহুল এ মুনিম, ফাউন্ডার ও কোষাধ্যক্ষ আব্দুল হক আবু, যুক্তরাজ্য প্রবাসী জয়নাল আবেদীন, বালাগঞ্জ উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক তোফায়েল আহমদ সোহেল, লালাবাজার ইউনিয়ন বিএনপির সভাপতি আমিনুল ইসলাম চৌধুরী সিফতা, দেওয়ান বাজার ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজ আব্দুল হাদী, সাধারণ সম্পাদক আব্দুল আলম পিন্টু, বালাগঞ্জ উপজেলা প্রেসক্লাবের সভাপতি শামীম আহমদ, বালাগঞ্জ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো. আমির আলী, প্রকল্পের নির্বাহী সদস্য জাহাঙ্গির আলমসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।
বক্তারা বলেন, এ প্রকল্প বাস্তবায়িত হলে এলাকার তরুণ-তরুণীদের কর্মমুখী শিক্ষা ও দক্ষতা উন্নয়নের নতুন সুযোগ সৃষ্টি হবে। পাশাপাশি সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
অনুষ্ঠানে শুরুতে প্রধান অতিথি ফলক উন্মোচন ও মোনাজাতের মাধ্যমে ‘আত্-তাকওয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানের পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন মো. আলী হুসেন।
উল্লেখ্য, রুকন ডেভেলপমেন্ট ফাউন্ডেশন ইউকে'র উদ্যোগে আত্-তাকওয়া প্রকল্পের আওতায় ইতোমধ্যে একটি মেটারনিটি ক্লিনিকের কাজ শুরু হয়েছে। গত ১২ এপ্রিল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ (ICT-২), বাংলাদেশের চেয়ারম্যান ও ফাউন্ডেশনের প্রধান উপদেষ্টা বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী ওই ক্লিনিকের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এছাড়াও প্রকল্পের আওতায় ওরফানেজ, হাফিজিয়া মাদ্রাসা ও নার্সিং হোম প্রতিষ্ঠার পরিকল্পনা রয়েছে।

## জীবিকা না

(প্রথম পৃষ্ঠার পর)
কোয়ারিসমূহ থেকে বন্ধ রয়েছে পাথর উত্তোলন। পাশাপাশি বন্ধ করে দেওয়া হয়েছে বালিতে ভরাট হয়ে যাওয়া নদীর তলদেশ থেকে বালি উত্তোলন প্রক্রিয়াও। আওয়ামী লীগ সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম করেও কোনো সুফল পায়নি এই অঞ্চলের দরিদ্র মানুষ। মধ্যস্বত্বভোগীরা অজুহাতের পর অজুহাত তুলে প্রাকৃতিকভাবে জীবিকা নির্বাহের এই পথটি বন্ধ করে দিয়েছে।
ছাত্র জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগের পতন হয়। আসে ইন্টেরিম সরকার। কিন্তু যেই লাউ সেই কদু হয়ে থাকে এই অঞ্চলের মানুষের দীর্ঘদিনের দাবি। ১২ ফেব্রুয়ারি হয় গণতান্ত্রিক নির্বাচন। এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা ঘোষণা দেন নির্বাচিত হলে কোয়ারি সমূহ খুলে দিবেন তারা।
মানুষ আশায় বুক বেঁধে তাদের ভোট দিয়ে নির্বাচিত করেন। গোয়াইনঘাট জৈন্তাপুর আর কোম্পানীগঞ্জের মানুষের ভোটে নির্বাচিত জনপ্রতিনিধি হয়ে যান বাংলাদেশ সরকারের মন্ত্রী। দু'দুটি মন্ত্রণালয় সামলিয়ে তিনি চষে বেড়াচ্ছেন দেশে-বিদেশে।
আর সিলেট-৪ আসনের প্রান্তিক এই জনগোষ্ঠী পথ চেয়ে আছেন তার। বিভিন্ন সভা সিম্পোজিয়াম আর সেমিনারে তিনি বলে চলেছেন, পর্যটন অঞ্চল হিসেবে গড়ে তুলবেন তার এই এলাকাকে। ব্যাপক অবকাঠামো উন্নয়ন করে মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করবেন। এখানেই প্রশ্ন তুলেছেন এই অঞ্চলের প্রান্তিক জনগোষ্ঠী। তাদের প্রশ্ন হচ্ছে কোনটি আগে? জীবিকা না অবকাঠামো উন্নয়ন।
ইতোমধ্যে ঢাকায় স্বরাষ্ট্রমন্ত্রীর সভাপতিত্বে একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সিলেট বিভাগের পাথর কোয়ারীসমূহ নিয়ে অনুষ্ঠিত এই বৈঠকে যেসব সিদ্ধান্ত হয়েছে তাতেও হতাশা প্রকাশ করেছেন এই অঞ্চলের মানুষ। পরিদর্শন তদন্ত আর প্রতিবেদনের মধ্যেই হয়তো সীমাবদ্ধ হয়ে পড়বে এই জনগোষ্ঠীর আশা-আকাঙ্ক্ষা। কেউ কেউ বলেছেন অবকাঠামো উন্নয়নেরও প্রয়োজন রয়েছে।
কিছু কাজ রয়েছে যেগুলো শুধু অবকাঠামো উন্নয়ন নয়। অবহেলিত এই অঞ্চলের মানুষের পুনর্জাগরণের প্রতিচ্ছবিও। তাই সেটাকে ও প্রাধান্য দিতে হবে।
আবার সনাতন পদ্ধতিতে পাথর কোয়ারিসমূহ খুলে না দিলে এই অঞ্চলের হাজার হাজার প্রান্তিক জনগোষ্ঠী জীবন ও বিপন্ন হওয়ার আশঙ্কা রয়েছে।

## সিলেটে হামে আরও

(প্রথম পৃষ্ঠার পর)
মোহাম্মদ নূরে আলম শামীম জানান, সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় দুই শিশু মারা যায়। মৃত শিশুরা হলেন সিলেট নগরীর কাজলশাহ এলাকার ইকবাল হোসেনের মেয়ে সাত মাস বয়সী ইকরা জান্নাত এবং কোম্পানীগঞ্জ উপজেলার দশ মাস বয়সী মারওয়ান আহমেদ। উভয়েই এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।
হামের প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় রোগীদের চাপ সামলাতে এবং সংক্রমণ নিয়ন্ত্রণে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে আইসোলেশন সেন্টার চালু করা হয়েছে। হাসপাতালের ৩২ নম্বর ওয়ার্ডকে বিশেষভাবে প্রস্তুত করে ৩৮ শয্যার এই ইউনিট চালু করা হয়েছে।
হাসপাতাল পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল উমর রাশেদ মুনির বলেন, রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আলাদা আইসোলেশন ব্যবস্থার প্রয়োজন দেখা দিয়েছে। সংক্রমণ ছড়িয়ে পড়া রোধ এবং অন্যান্য রোগীদের স্বাভাবিক চিকিৎসা নিশ্চিত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।
স্বাস্থ্য বিভাগের প্রতিবেদন অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় বিভাগে নতুন করে ৫৪ জন সন্দেহভাজন হাম রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। বর্তমানে বিভাগের বিভিন্ন হাসপাতালে মোট ২৮৯ জন সন্দেহভাজন রোগী চিকিৎসাধীন রয়েছেন।
চলতি বছরের ১ জানুয়ারি থেকে মঙ্গলবার পর্যন্ত সিলেট বিভাগে ল্যাবে নিশ্চিত হাম ও রুবেলা রোগীর সংখ্যা ১৪৭ জনে দাঁড়িয়েছে। এর মধ্যে সুনামগঞ্জে সবচেয়ে বেশি ৭৩ জন আক্রান্ত হয়েছেন।
স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা বলছেন, হামের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে টিকাদান কর্মসূচি জোরদার করার পাশাপাশি অভিভাবকদের সচেতনতা বাড়ানোর উদ্যোগ চলছে।

## সিলেটের বিভিন্ন

(প্রথম পৃষ্ঠার পর)
উন্নয়ন বোর্ডের বিক্রয় ও বিতরণ বিভাগ-৩ এর নির্বাহী প্রকৌশলী মো. শামছ-ই-আরেফিন।
বিজ্ঞপ্তিতে বলা হয়, বুধবার সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত বিক্রয় ও বিতরণ বিভাগ-৩ এর ১১ কেভি পুলিশ লাইন ফিডারের আওতাধীন বলদি, তেতুরতল, লতিপুর, বানেশ্বরপুর, পিরিজপুর, চন্ডিপুল, দারোগাবাড়ি, সুনামপুর, লালারচক, খিদিরপুর, আহমেদপুর, বাইপাস রোড, বঙ্গবীর রোড, লাউয়াই, তেলিবাজার, তেতলি, অভিরবাড়ীসহ আশপাশের এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে।
এতে আরও বলা হয়, সাটডাউন চলাকালে বিদ্যুৎ লাইন সচল বলে গণ্য হবে। নির্ধারিত সময়ের আগেই কাজ শেষ হলে সঙ্গে সঙ্গে বিদ্যুৎ সরবরাহ চালু করা হবে।

## নগরের উন্নয়নে

(প্রথম পৃষ্ঠার পর)
ড্রেন নির্মাণের মধ্যে সীমাবদ্ধ নয়। সড়ক আলোকিতকরণ, ময়লা-আবর্জনা অপসারণ, স্বাস্থ্যসেবা, জন্ম ও মৃত্যু নিবন্ধনসহ নাগরিক জীবনের বহুমুখী সেবা প্রদান করতে হয়। কিন্তু এসব কার্যক্রম পরিচালনার জন্য সিটি কর্পোরেশনের নিজস্ব আয় খুবই সীমিত। ফলে উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে নানা চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে।”
তিনি আরও বলেন, “নগরবাসী নিয়মিত কর পরিশোধ করলে উন্নয়ন কার্যক্রম আরও গতিশীল হবে এবং নাগরিক সেবার মান বৃদ্ধি করা সম্ভব হবে। তাই সবার প্রতি আহ্বান থাকবে-নিজ নিজ দায়িত্ব থেকে সময়মতো কর পরিশোধ করে উন্নয়ন কর্মকাণ্ডে সহযোগিতা করুন।”
সভায় ৩৫ নম্বর ওয়ার্ডের বিভিন্ন সমস্যা, সম্ভাবনা ও উন্নয়ন চাহিদা নিয়ে স্থানীয় বাসিন্দারা মতামত তুলে ধরেন। এ সময় সিসিক প্রশাসক সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। সভায় আরও বক্তব্য দেন ৩৫ নম্বর ওয়ার্ডের মুরুব্বি অধ্যাপক মো. আব্দুল জব্বার, মো. অলিউর রহমান, শিব্বির আহমদ, সিরাজ উদ্দিন আহমদ, সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আশিক নূর, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) মো. আলী আকবর, প্রধান সম্পত্তি কর্মকর্তা বিশ্বজিত দেব, নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ শফিকুল ইসলাম, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা লে. কর্নেল (অব.) একলিম আবদীন, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) জয়দেব বিশ্বাস, আব্দুল বাসিত ও আখতার সিদ্দিকী বাবলুসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। মতবিনিময় সভায় ৩৫ নম্বর ওয়ার্ডের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন।

শেষ পৃষ্ঠা

দৈনিক
# একাত্তরের কথা
প্রতিদিনের প্রতিচ্ছবি

বর্ষ ০৭ ■ সংখ্যা ২৮৭

সিলেট, ১৩ মে ২০২৬ ॥ ৩০ বৈশাখ ১৪৩৩ ॥ ২৫ জিলকদ ১৪৪৭

বুধবার

নামাজের সময়সূচি

| | |
|---|---|
| ফজর | ০৩.৪৬ |
| যোহর | ১১.৫১ |
| আসর | ০৪.২৯ |
| মাগরিব | ০৫.২৮ |
| এশা | ০৭.৫৩ |

আবহাওয়া

| | |
|---|---|
| সর্বনিম্ন | ২৩° |
| সর্বোচ্চ | ৩০° |
| বৃষ্টি | ২৪% |
| আর্দ্রতা | ৮৭% |
| সূর্যোদয় | ৫.০৯ |
| সূর্যাস্ত | ৬.২৮ |




সংবর্ধনা অনুষ্ঠানে মন্ত্রী আরিফ

## বিমানবন্দরে হয়রানি কমাতে উদ্যোগ নেওয়া হয়েছে

একাত্তর ডেস্ক ■
যুক্তরাষ্ট্র সফররত শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী এমপি বলেছেন, 'আমি সিলেট-৪ আসনের এমপি হলেও মন্ত্রী হিসেবে সারা দেশের দায়িত্ব আমার উপর অর্পিত। ন্যায় ও সততার সঙ্গে দায়িত্ব পালন করতে চাই। এজন্য সবার সহযোগিতা প্রয়োজন।'

বৃহস্পতিবার সন্ধ্যায় নিউইয়র্কের জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে ফাউন্ডেশন অব গ্রেটার জৈন্তা, নিউইয়র্ক আয়োজিত মতবিনিময় ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে সংগঠনের পক্ষ থেকে মন্ত্রীকে ৭ দফা দাবিনামাসহ একটি স্মারকলিপি ও ক্রেস্ট প্রদান করা হয়।

আরিফুল হক চৌধুরী বলেন, আমি এমপি বা মন্ত্রী হতে চাইনি। দল ও দলের চেয়ারম্যান চেয়েছেন,

এরপর ▶ পৃষ্ঠা ২

## ওসমানীনগরে বেপরোয়া ছিনতাইচক্র

ওসমানীনগর প্রতিনিধি ■
সিলেটের ওসমানীনগরে বেপরোয়া হয়ে উঠেছে ছিনতাইকারী চক্র। দিনের আলোতে সড়কে অস্ত্রের মুখে ছিনতাইয়ের ঘটনায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে পুরো উপজেলায়। গত এক সপ্তাহে অন্তত তিন শিক্ষিকা ছিনতাইয়ের শিকার হয়েছেন। ধারালো অস্ত্র ঠেকিয়ে স্বর্ণালংকার ও মোবাইল ফোন ছিনিয়ে নেওয়ার এসব ঘটনায় উদ্বেগ বাড়ছে শিক্ষক সমাজ ও

এরপর ▶ পৃষ্ঠা ২

## শিক্ষায় সিলেটের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনতে হবে: সিসিক প্রশাসক

স্টাফ রিপোর্ট ■
সিলেট সিটি কর্পোরেশনের প্রশাসক আব্দুল কাইয়ুম চৌধুরী বলেছেন, এক সময় সিলেট ছিল উচ্চশিক্ষার অন্যতম কেন্দ্র। আসাম প্রদেশের শিক্ষামন্ত্রী খান বাহাদুর আব্দুল মজিদ (কাপ্তান মিয়া) ছিলেন সিলেটেরই কৃতি সন্তান। পাক-ভারত উপমহাদেশের বহু খ্যাতিমান ব্যক্তিত্বের জন্ম এই অঞ্চলে। কিন্তু বর্তমানে শিক্ষা ক্ষেত্রে সিলেট দেশের অন্যান্য অঞ্চলের তুলনায় অনেক পিছিয়ে পড়েছে। আমাদের শিক্ষায় সিলেটের সেই হারানো ঐতিহ্য পুনরুদ্ধার করতে হবে।

মঙ্গলবার দক্ষিণ সুরমার লাউয়াইয়ে নূরজাহান মেমোরিয়াল মহিলা ডিগ্রি কলেজে চারতলা ভবনের নির্মাণকাজের উদ্বোধন এবং ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার্থীদের সংবর্ধনা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

এরপর ▶ পৃষ্ঠা ২



নির্মাণকাজের উদ্বোধন

## সিসিক প্রশাসককে পূজা উদযাপন ফ্রন্টের শুভেচ্ছা

একাত্তর ডেস্ক ■
বাংলাদেশ পূজা উদযাপন ফ্রন্ট সিলেট জেলা ও মহানগর শাখার আহ্বায়ক কমিটির পক্ষ থেকে সিলেট সিটি কর্পোরেশনের প্রশাসক আব্দুল কাইয়ুম চৌধুরীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। মঙ্গলবার দুপুরে নগরভবনে নেতৃবৃন্দ তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে শুভেচ্ছা

এরপর ▶ পৃষ্ঠা ২

## বড়লেখায় এক কেজি গাঁজাসহ যুবক আটক

বড়লেখা প্রতিনিধি ■
মৌলভীবাজারের বড়লেখায় এক কেজি গাঁজাসহ রিপন রবি দাস (৩০) নামে এক যুবককে আটক করেছে পুলিশ।

সোমবার রাতে উপজেলার অহিদাবাদ চা বাগানের পাঞ্জাখানা মসজিদসংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। গ্রেপ্তার রিপন রবি দাস উপজেলার কালিকাবাড়ী চা বাগান এলাকার শিবচরণ রবিদাসের ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান

এরপর ▶ পৃষ্ঠা ২

মাধবপুরে আইনশৃঙ্খলা কমিটির সভা

## মাদক ও ছিনতাই দমনে কঠোর হওয়ার আহ্বান

মাধবপুর প্রতিনিধি ■
হবিগঞ্জের মাধবপুরে উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় মাদক, চুরি ও

এরপর ▶ পৃষ্ঠা ২

## জুড়ীতে শিক্ষার্থী নির্যাতনের অভিযোগ ঘিরে বিতর্ক

জুড়ী প্রতিনিধি ■
মৌলভীবাজারের জুড়ীতে এক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীকে নির্যাতনের অভিযোগে ছড়িয়ে পড়া ভিডিওকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। তবে ঘটনাটি নিয়ে স্থানীয়ভাবে দেখা দিয়েছে মিশ্র প্রতিক্রিয়া। কেউ শিক্ষককে দায়ী করছেন, আবার অনেকে ভিডিওটিকে অতিরঞ্জিত ও বিভ্রান্তিকর বলেও মন্তব্য করেছেন।

এরপর ▶ পৃষ্ঠা ২






## কুলাউড়ার ৪ কোয়ারি থেকে অবৈধ সিলিকা বালু উত্তোলন

কুলাউড়া প্রতিনিধি ■
মৌলভীবাজারের কুলাউড়ায় চারটি কোয়ারি থেকে দীর্ঘদিন ধরে অবৈধভাবে সিলিকা বালু উত্তোলন ও বিক্রির অভিযোগ উঠেছে। সংশ্লিষ্টরা বলছেন, এসব কোয়ারি নিয়মিত ইজারা দেওয়া হলে সরকার বছরে লাখ লাখ টাকার রাজস্ব আয় করতে পারত। তবে বর্তমানে

এরপর ▶ পৃষ্ঠা ২




সম্পাদক
চৌধুরী মুমতাজ আহমদ

প্রকাশক
মো. নজরুল ইসলাম

মো. নজরুল ইসলাম কর্তৃক বিসমিল্লাহ অফসেট প্রিন্টিং প্রেস লালদীঘিরপার, সিলেট থেকে মুদ্রিত ও বিসিক শিল্পনগরী, গোটাটিকর, সিলেট থেকে প্রকাশিত।

কার্যালয় : ফিজা টাওয়ার, বিসিক শিল্পনগরী, গোটাটিকর, সিলেট
ফোন : ০১৭১১-৯৪০৫০৯, ই মেইল : (বার্তা) barta.ekattor@gmail.com
(বিজ্ঞাপন) ekattor.ad@gmail.com